

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়  
আইন ও বিচার বিভাগ  
বিচার শাখা-৩।

নং- ১০.০০.০০০০.১২৭.১৯.০০২.১৮-৬৬৭

তারিখঃ ০৭ কার্তিক, ১৪২৫ বঙ্গাব্দ ।  
২২ অক্টোবর, ২০১৮ খ্রিস্টাব্দ ।

প্রজ্ঞাপন

বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে খুলনার ল্যান্ড সার্ভে ট্রাইব্যুনালের বিচারক (যুগ্ম-জেলা ও দায়রা জজ) বেগম রোজিনা আক্তার-কে বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস (বেতন-ভাতাদি) আদেশ, ২০১৬ এর অনুচ্ছেদ-৩ এ বর্ণিত টাকা ৬২৩৫০-৭৫৮৮০/= বেতন স্কেলে যুগ্ম-জেলা ও দায়রা জজ হতে অতিরিক্ত জেলা ও দায়রা জজ পদে জ্যেষ্ঠতাসহ পদোন্নতি প্রদান করে পুনরাদেশ না দেয়া পর্যন্ত খুলনা মহানগর দায়রা জজ আদালতের অতিরিক্ত মহানগর দায়রা জজ পদে নিয়োগ করা হলো ।

২। পদোন্নতি প্রাপ্ত কর্মকর্তার পদোন্নতি প্রাপ্ত পদের বেতন প্রাপ্তির বিষয়টি বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস (বেতন-ভাতাদি) আদেশ, ২০১৬ এর অনুচ্ছেদ ১৩ এ বর্ণিত শর্তের আলোকে নির্ধারিত হবে ।

৩। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো ।

রাষ্ট্রপতির আদেশক্রমে

স্বাঃ/-

(মোঃ মাহবুবর রহমান সরকার)

উপ-সচিব (প্রশাসন-১) ।

নং- ১০.০০.০০০০.১২৭.১৯.০০২.১৮-৬৬৭

তারিখঃ ০৭ কার্তিক, ১৪২৫ বঙ্গাব্দ ।  
২২ অক্টোবর, ২০১৮ খ্রিস্টাব্দ ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে) :

১। রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা ।

২। জেলা ও দায়রা জজ/মহানগর দায়রা জজ, খুলনা ।

সংশ্লিষ্ট কর্মকর্তাকে আপনা কর্তৃক মনোনীত কর্মকর্তার নিকট আগামী ২৫/১০/২০১৮ খ্রিঃ তারিখ তাঁর বর্তমান পদের দায়িত্বভার অর্পণ করে অবিলম্বে পদোন্নতিমূলে বদলিকৃত কর্মস্থলে যোগদানের নির্দেশ প্রদান করতে অনুরোধ করা হলো ।

৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় ।

৪। বেগম রোজিনা আক্তার, বিচারক (যুগ্ম-জেলা ও দায়রা জজ) ল্যান্ড সার্ভে ট্রাইব্যুনাল, খুলনা ।

তাঁকে এ মর্মে অনুরোধ করা যাচ্ছে যে, তিনি যেন তাঁর বর্তমান পদের দায়িত্বভার জেলা ও দায়রা জজ কর্তৃক মনোনীত কর্মকর্তার নিকট আগামী ২৫/১০/২০১৮ খ্রিঃ তারিখ অর্পণ করে অবিলম্বে পদোন্নতিমূলে বদলিকৃত কর্মস্থলে যোগদান করেন।

৫। সিনিয়র সহকারী সচিব, বিচার শাখা-১/বাজেট ও উন্নয়ন/৪/৫/৬/৭/৮, আইন ও বিচার বিভাগ ।

৬। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা ।

৭। জনসংযোগ কর্মকর্তা, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় ।

৮। উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা ।

(উপরের প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো ।

৯। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় ।

১০। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, খুলনা ।

১১। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ) ।

১২। অতিঃ সচিব/যুগ্ম-সচিব (প্রঃ-১/২)/ উপ-সচিব (প্রঃ-১/২) এর ব্যক্তিগত কর্মকর্তা, আইন ও বিচার বিভাগ ।

(মোঃ নূরুল আলম সিদ্দীক)

সিনিয়র সহকারী সচিব

ফোন-৯৫৭৬৬৩১